

বিজ্ঞপ্তি নং- ১১৯

তারিখ : ১১/১১/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র কলেজের স্নাতক (সম্মান) ও ডিগ্রি (পাস) শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষ্যে “মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১” আয়োজন করেছে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৩/১১/২০২১খ্রি. তারিখ দুপুর ২.০০টার মধ্যে জনাব মোঃ সোলায়মান আলী, ভারপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক(০১৭২১০১১০৫৩) এর নিকট নিম্নোক্ত ছক পূরণ করে জমা দেওয়ার জন্য বলা হলো।

ছকঃ

ক্রমিক নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল নং	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নং	ইভেন্টের নাম	জন্ম তারিখ	প্রতিযোগীর স্বাক্ষর	প্রতিযোগীর মোবাইল নম্বর


ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্ট সমূহ :

- (ক) ১০০ মিটার দৌড় (খ) ৪০০ মিটার দৌড় (গ) লং জাম্প  
(ঘ) হাই জাম্প (ঙ) শর্টপুট (ট) ডিসকাস থ্রো(চাকতি নিক্ষেপ)

বিশেষ দ্রষ্টব্যঃ

- ১। ছাত্র ও ছাত্রীদের আলাদাভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
- ২। একজন প্রতিযোগী সর্বোচ্চ দুইটি খেলার জন্য নাম জমা দিতে পারবে।
- ৩। আগামী ১৪/১১/২০২১খ্রি. তারিখ সকাল ১০.০০টায় খেলার ট্রায়াল কলেজে অনুষ্ঠিত হবে। উক্ত ট্রায়ালে প্রতিযোগীদের অবশ্যই অংশগ্রহণ করতে হবে। শুধুমাত্র ১ম স্থান অধিকারীদের নামের তালিকা বিভাগে প্রেরণ করা হবে।
- ৪। নাম জমা দেওয়ার সময় নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
  - ক. শিক্ষার্থীর কলেজ আইডি কার্ডের ফটোকপি।
  - খ. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
  - গ. ইতোপূর্বে উক্ত খেলা সমূহে কোন সনদ অর্জন করলে তার ফটোকপি।


প্রতিস্বাক্ষর



(প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬)

অধ্যক্ষ

পীরগঞ্জ সরকারি কলেজ  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।



আহবায়ক

ক্রীড়া কমিটি-২০২১  
পীরগঞ্জ সরকারি কলেজ  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।